সমকাল

তারিখ : 18 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

# ছাত্রীদের ওপর হামলার প্রতিবাদ কর্মসূচি স্থগিত

■ সমকাল প্রতিবেদক

সম্প্রতি ছাত্রীদের ওপর হামলার প্রতিবাদ এবং তাদের নিরাপত্তা নিশ্চিতে দেশজুড়ে আজ মঙ্গলবার মানববন্ধন কর্মসূচি ও ২০ অক্টোবর সভা ঘোষণা করে পুনরায় তা স্থগিত করছে শিক্ষা মন্ত্রণালয়।

গতকাল সোমবার মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে কর্মসূচি দুটি স্থগিতের বিষয়টি নিশ্চিত করে বলা হয়, আগামীকাল (আজ মঙ্গলবার) সারাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে প্রতীকী মানববন্ধন ও আগামী ২০ অক্টোবর শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক, অভিভাবক, ম্যানেজিং কমিটিসহ স্থানীয় সুধিজনের সমন্বয়ে ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতে 'সামাজিক' আন্দোলনের বিষয়ে সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম দুটি অনিবার্য কারণে স্থগিত ঘোষণা করা হয়েছে। এতে আরও বলা হয়, প্রতীকী মানববন্ধন ও সচেতনতামূলক সভা অনুষ্ঠানের পরবর্তী তারিখ ও সময় অবিলম্বে জানিয়ে দেওয়া হবে।